রিসার্চ ইনিশিয়েটিভস্, বাংলাদেশ (রিইব)

সিএসওএসডিজি প্রকল্প, নীলফামারী, এ্যাক্সপোজার ভিজিট প্রতিবেদন

২৫-২৬ অক্টোবর ২০১৭

ভূমিকা:

রির্সাচ ইনিশিয়েটিভস্, বাংলাদেশ (রিইব) একটি গবেষণাধর্মী প্রতিষ্ঠান। রিইব বাংলাদেশের উত্তরাঞ্চলের রংপুর ও নীলফামারী জেলার পিছিয়ে পড়া সুবিধা বঞ্চিত জনগনের অধিকার নিশ্চিতকরন বিষয়ক Civil Society Organisations Strengthen Democratic Governance প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পটি একই সাথে রিইবসহ ০৩ টি সংগঠন বাস্তবায়ন করছে যথা পল্লীশ্রী, দিনাজপুর, মানব কল্যাণ পরিষদ (এমকেপি), ঠাকুরগাঁও।

চলমান প্রকল্পের বাৎসরিক একটি কাজ এক্সপোজার ভিজিট। রিইব এর আমন্ত্রণে আগামী ২৫-২৬ অক্টোবর ২০১৭ তারিখে ২০ সদস্যর মানব কল্যাণ পরিষদ (এমকেপি) একটি টিম সৈয়দপুর ও নীলফামারী সদর উপজেলায় পরিচালিত সিএসওএসডিজি প্রকল্পের কাজের বিষয়ে অভিজ্ঞতা শেয়ারিং করেন। ২০ সদস্যর ভিজিট টিমের মধ্যে জনপ্রতিনিধি, সরকারী কর্মকর্তা ও জেলা, উপজেলা, ইউনিয়ন ও তৃণমূল পর্যায়ের সুশীল সমাজ সংগঠনের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

এ্যাক্সপোজার ভিজিটের লক্ষ্য ও উদ্দেশ্য:

লক্ষ্য:

এক্সপোজার ভিজিটের মাধ্যমে নতুন কিছু শিখন, মতবিনিময়, অভিজ্ঞতা অর্জন, সম্পর্ক উন্নয়নের মাধ্যমে সিএসওএসডিজি প্রকল্পের কাজ মানোন্নয়ন করা।

উদ্দেশ্য:

- জেলা সিএসও, উপজেলা সিএসও, ইউনিয়ন সিএসও ও কমিউনিটি সিএসও সদসদের অভিজ্ঞতা অর্জন ও কার্যকরী যোগাযোগ বৃদ্ধি পাবে;
- সরকারী কর্মকর্তা, জনপ্রতিনিধিদের সাথে সুশীল সমাজ সংগঠনের সদস্যদের সাথে কার্যকরী যোগাযোগ স্থাপন হবে;
- নতুন কিছু শিখনের মাধ্যমে নিজ ক্ষেত্রে তা বাস্তবায়ন করা।

কর্মসুচি সমূহ:

ক্রম	কর্মসূচি
২৫ অক্টোবর ২০১৭ (প্রথমদিন)	
০১	উদ্বোধনী পর্ব
০২	সরকারি কর্মকর্তাদের সাথে সাক্ষাত/মিটিং
০৩	ইউনিয়ন সিএসও মিটিং
২৬ অক্টোবর ২০১৭ (দ্বিতীয়দিন)	
০১	প্রথম দিনের ফিডব্যাক ও সিএসওএসডিজি প্রকল্পের সংক্ষিপ্ত প্রতিবেদন উপাস্থাপনা
	আরটিআই ডিজিটাল রির্সোস সেন্টার ভিজিট
০২	জেলা সিএসও মিটিং
০৩	পলাশবাড়ী ইউনিয়ন পরিষদ সদস্যদের সাথে মতবিনিময়
০৪	তৃণমূল পর্যায়ে গণ-গবেষণা প্রক্রিয়া মিটিং
০৫	এ্যাক্সপোজার ভিজিটের ফিডব্যাক ও সমাপণি

২৫ অক্টোবর ২০১৭ (প্রথমদিন)
উদ্বোধনী পর্ব:
মানবকল্যাণ পরিষদ এর ২০ সদস্যর একটি ভিজিট দল রিইব নীলফামারী সিএসওএসডিজি প্রকল্প অফিসে সকাল ১১.০০ টায় পৌচ্ছালে রিইব এর পক্ষ হতে ফুলেল শুভেচ্ছা জানিয়ে তাঁদেরকে বরন করেন রিইব কর্মি ও কর্মকর্ত এবং সুশীল সমাজ সংগঠনের সদস্যগণ। উদ্বোধনী পর্বে আলোচনায় আমন্ত্রীত সকল ভিজিট সদস্যকে স্বাগত জানানোর মাধ্যমে ২৫-২৬ অক্টোবর ২০১৭ দুইদিন ব্যাপির কার্যক্রমের পরিকল্পনা মানবকল্যাণ পরিষদের টিমলিডার হাতে হস্তান্তর করা হয়। সকলের পরিচয়ের মাধ্যমে দুইদিনের ভিজিট কার্যক্রম উদ্বোধন করেন NETZ BANGLADESH এর প্রতিনিধি মৌসুমী বিশ্বাস।

উদ্বোধনী পর্বের আমন্ত্রীত মানবকল্যাণ পরিষদের ভিজিট টিমের সকল সদস্যদেরকে ফুলেল শুভেচ্ছা ও স্বাগত জানানোর একাংশ

কর্মসূচির বিবরণ:
১.১: সরকারী কর্মকর্তাগণের সাথে সৌজন্য সাক্ষাত ও অভিজ্ঞতা বিনিময়:

২৫ অক্টোবর ২০১৭ তারিখে সৈয়দপুর উপজেলা পরিষদ এর সভাকক্ষে দুপুর ১:০০ টার সময় মানব কল্যান পষিদের এক্সপোজার ভিজিট টিমের সাথে উপজেলা পর্যায়ের সরকারী কর্মকর্তাগণের সাথে সৌজন্য সাক্ষাত ও অভিজ্ঞতা বিনিময় সভা হয়। সভায় উপজেলা পর্যায়ের সরকারী কর্মকর্তাদের মধ্যে উপস্থিত ছিলেন যথাক্রমে:

ক্রম	নাম	পদবি
০১	মোঃ হাসান আলী	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুর
০২	সুকান্ত সরকার	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সৈয়দপুর
০৩	নুরুন্নাহার শাহাজাদী	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সৈয়দপুর
০৪	সাইফুন নাহার	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুর
০৫	খগেশ্বর রায়	ভারপ্রাপ্ত উপজেলা মৎস্য কর্মকর্তা, সৈয়দপুর
০৬	মোঃ মহছিউর রহমান রুবেল	হিসাব রক্ষক, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়, সৈয়দপুর (প্রতিনিধি, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা)

রিইব সিএসওএসডিজি প্রকল্প, নীলফামারীর ফিল্ড কো-অর্ডিনেটর পান্নালাল জমাদারের স্বাগত বক্তব্যর মাধ্যমে সভা শুরু হয়। তিনি উপস্থিত সকলকে রির্সাচ ইনিশিয়েটিভস্, বাংলাদেশ (রিইব) এর পক্ষ থেকে শুভেচ্ছা জানান। বক্তব্যে তিনি বলেন, আজকের এই অনুষ্ঠান কোন ফরমাল আলোচনা অনুষ্ঠান নয়, আজ আমরা প্রথমে পরস্পরের সাথে পরিচিত হব আর মুক্ত আলোচনার মাধ্যমে আমাদের অভিজ্ঞতা বিনিময় করব।

সরকারী কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভার একাংশ

অতপর পরিচয় পর্বের মাধ্যমে পরস্পর পরস্পরের সাথে পরিচিত হয়। এই পর্বে শেষে শুরু হয় মুক্ত আলোচনা পর্ব। এ পর্বের শুরুতে ভিজিটর টিমের সদস্য এফএফ শিরিন সুলতানা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কাছে জানতে চান, যুব উন্নয়ন থেকে বিভিন্ন সেবা দেয়ার ক্ষেত্রে সিএসও সদস্যদের জন্য বিশেষ সুযোগ আছে কি না।

উত্তরে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ হাসান আলী বলেন, আমাদের কাছে এদেশের সকল নাগরিকই সমান, আমাদের সেবা প্রাপ্তির ক্ষেত্রে সেবা গ্রহিতার যে মানদন্ড (ক্রাইটেরিয়া) আছে তার মধ্যে যারা আছে তারা সকলেই আমাদের সেবা পাওয়ার অধিকারী, কারও জন্য আমাদের কোন বিশেষ সুযোগ নাই। তিনি আরও বলেন এই প্রকল্পের মাধ্যমে সরকারী কর্মকর্তাদের সাথে সুশীল সমাজের যে ডায়ালগ মিটিং হচ্ছে এর মাধ্যমে সরকারী সংগঠনের সাথে সম্পর্ক উন্নয়ন, প্রদত্ত সেবা সম্পর্কে বিস্তারিত জানা এবং সমস্যা সমাধানে অত্যান্ত সহায়ক ভূমিকা পালন করছে। তিনি এই ডায়ালগ মিটিং এর ভুয়সী প্রশংসা করেন।

ভিজিটর টিমের সিএসও সদস্য সেতাউর রহমান বলেন, আমরা তৃণমূল পর্যয়ের সুবিধা বঞ্চিত, অবহেলিত, পিছিয়ে পড়া মানুষের বিভিন্ন সমস্যা নিয়ে আপনাদের কাছে আসলে আপনারা যেন সমস্যা কথা গুলো শুনে তা সমাধান করার চেষ্টা যেন করেন। এ প্রসংঙ্গে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নুরুন্নাহার শাহাজাদী বলেন, আমাদের দ্বার সকলের জন্য খোলা, আপনারা আসবেন আমরা যথা সাধ্য চেষ্টা করব তা সমাধন করার জন্য।

ভিজিটর টিমের সিএসও সদস্য আব্দুল করিম উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের উদ্দেশ্যে বলেন, আপনাদের কাছে আমাদের বিশেষ অনুরোধ, সকল সেবা প্রদানের ক্ষেত্রে অতি দরিদ্র পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে যেন অগ্রাধিকার দেয়া হয়। এ প্রসংঙ্গে উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সুকান্ত সরকার বলেন, আমাদের সকল সেবার প্রথম অগ্রাধিকার পায় অতি দরিদ্র পরিবার বিশেষ করে যে পরিবার সমূহের প্রধান মহিলা অর্থাৎ পরিবার প্রধান পুরুষ যে পরিবারে নাই।

এপর্যায়ে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নুরুন্নাহার শাহাজাদী বলেন, মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে মহিলাদের জন্য সর্ব প্রকার সেবা প্রদান করা হয়। মহিলারা যাতে বিভিন্ন প্রকার হাতের কাজের মাধ্যমে ঘরে বসে কিছু আয় করতে পারেন সেজন্য সেলাইসহ বিভিন্ন প্রকার হাতের কাজের উপর প্রশিক্ষন প্রদান করা হয়। সম্পূর্ন মহিলাদের দ্বারা গঠিত ও পরিচালিত সমিতি গুলোর রেজিষ্ট্রেশন করানো হয় এবং পরবর্তিতে আর্থিক সহায়তা প্রদান করা হয় এছাড়া বাল্য বিবাহ রোধে এই অধিদপ্তর সচেতন মূলক কাজ সহ বাল্য বিবাহ প্রতিরোধে কাজ করে।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সাইফুন নাহার বলেন, গ্রামের দরিদ্র মানুষের আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের জন্য বিভিন্ন প্রকার আইজিএ প্রশিক্ষণ প্রদান তার দপ্তরের প্রধান কাজ।

উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সুকান্ত সরকার বলেন, এই অধিদপ্তর থেকে প্রায় পঞ্চাস প্রকারের সেবা দেওয়া হয় তারমধ্যে বিভিন্ন প্রকার ভাতা উল্লেখযোগ্য। তিনি এই সকল ভাতা প্রাপ্তির নিয়ম-কানুন সম্পর্কে সংক্ষেপে বর্ননা করেন।

এপর্যায়ে ভিজিটর টিমের সদস্য এ্যাডভোকেসী এন্ড ইনফরমেশন অফিসার রওশন আরা উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের উদ্দেশ্যে বলেন, আপনাদের দপ্তরে তথ্য অধিকার আইন-২০০৯ এর মাধ্যমে তথ্য প্রাপ্তির আবেদনের উত্তরের হার কেমন। এপ্রসংঙ্গে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ হাসান আলী বলেন, আমরা শতভাগ আবেদনের উত্তর দিয়ে থাকি।

ভারপ্রাপ্ত সহকারী উপজেলা মৎস্য কর্মকর্তা খগেশ্বর রায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে সংক্ষেপে আলোচনা করেন, তিনি বলেন, দেশে মৎস্য উৎপাদন বৃদ্ধি, জেলে নিবন্ধন ও পরিচয় পত্র প্রদান, জেলেদের আপদকালীন অনুদান প্রদান, মৎস্য উৎপাদনে নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবন ও মাছ চাষীদের মাঝে পরিচিতি করান ও মাছ চাষীদের প্রশিক্ষণ প্রদান ইত্যাদি। বক্তব্যের শেষে তিনি বলেন, যেহেতু আপনারা সুশীল সমাজের সদস্য আপনাদের কাছে আমার অনুরোধ আমাদের প্রত্যেকের নিজ এলাকায় নদীতে যেন কারেন্ট জাল ব্যবহার না করা হয় সে বিষয়ে সংশ্লিষ্টদের একটু সচেতন করবেন।

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের হিসাব রক্ষক মোঃ মহছিউর রহমান রুবেল তথ্য অধিকার আইন-২০০৯ এর প্রয়োজনীয়তা সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করেন, তিনি আরও বলেন সরকার এখন তথ্য দেওয়ার জন্য সদা প্রস্তত, ৩৩৩ এই নাম্বারে যে কোন মোবাইল থেকে কল করে আপনি যে কোন তথ্য পেতে পারেন, তথ্য এখন আপনার দোরগোড়ায়।

NETZ BANGLADESH এর মৌসুমী বিশ্বাস আলোচনায় বলেন, সুন্দর একটি অনুষ্ঠানে সকলের প্রানবন্ত অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান।

খাতামধুপুর ইউনিয়ন সিএসও মিটিং:

মানবকল্যাণ পরিষদ এর ভিজিট টিম বিকাল ৩.০০ টায় সৈয়দপুর উপজেলার খাতামধুপুর ইউনিয়ন সিএসও মিটিং অংশগ্রহণ করে। শুরুতে সকল সদস্যকে স্বাগত জানান খাতামধুপুর ইউনিয়ন পরিষদের সুশীল সমাজ সংগঠনের সভাপতিমো: জয়নাল আবেদীন। ভিজিট টিম সকলকের উদ্দেশ্য ইউনিয়ন পর্যায়ের কার্যক্রমরে অর্জিত সাফল্যগুলো তুলে ধরেন।

খাতামধুপুর ইউনিয়ন পরিষদের সুশীল সমাজ সংগঠনের সভার পরের ফটোসেশন

মানব কল্যাণ পরিষদের ভিজিট টিমের সদস্যগণ কিছু প্রশ্ন করেন, পর্যায়ক্রমে খাতামধুপুর ইউনিয়নরে সদস্য উত্তর প্রদান করেন। কিভাবে তারা সুবিধা বঞ্চিত মানুষের কল্যানে নিজেকে নিয়োজিত রেখেছেণ তা বর্ণণা করেন।

২৬ অক্টোবর ২০১৭ (দ্বিতীয় দিন):

ফিডব্যাক:
২৬ অক্টোবর ২০১৭ তারিখে সকাল ১০.০০ টায় রিইব নীলফামারী সভাকক্ষে প্রথমদিনে ফিল্ড ভিজিটের প্রতিউত্তর আলোচনা, পর্যালোচনা করা হয়। আলোচনায় মানবকল্যাণ পরিষদের সদস্যগন বলেন, সরকারী কর্মকর্তাদের সাথে আপনাদের এ্যাডভোকেসী ও তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ক কার্যক্রম গতিশীল রয়েছে। এছাড়া তাঁরা আরো বলেন, খাতামধুপুর ইউনিয়নের সিএসও মিটিং বিষয়ে তারা বলেন সংগঠনের সভাপতি খুবই এক্টিভি এবং সহযোগিতামূলক, আপনাদের কাজের সাথে সম্পৃত্ত হয়ে তাঁর কথা বলার সাহস সহ সকল দপ্তরে কাজ করার দক্ষতা বৃদ্ধি হয়েছে। আপনাদের কাজের গতি খুবই ভালো। সরকারী দপ্তরের কর্মকর্তা তথ্য অধিকার আইন ২০০৯ সর্ম্পকে তাঁদের স্বচ্ছ ধারণা রয়েছে ভিজিট টিম ফিডব্যাক আলোচনায় মন্তব্য করেন।

সিএসওএসডিজি প্রকল্পের সংক্ষিপ্ত প্রতিবেদন উপাস্থাপনা:
রিসার্চ ইনিশিয়েটিভ্স, বাংলাদেশ (রিইব) কর্তৃক পরিচালিত সিএসওএসডিজি প্রকল্প ০২১৬-২০১৭ সালে কার্যক্রমের ফলে অর্জিত সাফল্যসমূহ পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপাস্থপন করা হয়।

কর্মসূচির বিবরণ:
পলাশবাড়ী ইউনিয়ন পরিষদের সদস্যদের সমন্বয়ে মতবিনিময়:
২৬ অক্টোবর ২০১৭ তারিখে দুপুর ১২.০০ টায় নীলফামারী সদপ উপজেলার পলাশবাড়ী ইউনিয়ন পরিষদের আয়োজন এবং মানব কল্যাণ পরিষদ ভিজিট টিমের অংশগ্রহণে মতবিনিময়সভা শুরু হয়। সভায় পলাশবাড়ীর ইউনিয়ন পরিষদেরচেয়ারম্যানসহ সকল সদস্য ও সচিব উপস্থিত ছিলেন। আলোচনায় ইউনিয়নেরচেয়ারম্যান জনাব মমতাজ আলী প্রামানিক সকলকে শুভেচ্ছা জানান এবং রিইব এর কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন রিইব তথ্য অধিকার আইন ২০০৯ উপর ব্যাপক কাজ করছেন। তাঁদের কার্যক্রমের ফলে সাধারন জনগন তাঁদের অধিকার প্রতিষ্ঠায় এগিয়ে যাবে বলে আমার ধারণা।

রামনগর ডাক্তারপাড়া সততা সুশীল সমাজ সংগঠন আয়োজনে গণ-গবেষনা মিটিং:
রামনগর ডাক্তারপাড়া সততা সুশীল সমাজ সংগঠন এর সভাপতি রত্না রানী সভাপতিত্বে গণ-গবেষণা সভা বিকাল ৪.০০ টায় শুরু হয়। সভায় মানব কল্যাণ পরিষদের ভিজিট টিম উন্মুক্ত আলোচনা ও প্রশ্নপর্ব এর মাধ্যমে সভা সমাপ্ত হয়।

সমাপণি: